

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭-১২৭

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭

২৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক স্বীকৃতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের জন্য আবেদন করা হয়েছে:

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রার্থিত বিষয়
১.	মৈত্রী মাধ্যমিক বিদ্যালয়, পার্বতীপুর, দিনাজপুর	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
২.	শিবগঞ্জ টাউন উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, ঠাঁপাইনবাবগঞ্জ	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৩.	বিয়াম ল্যাবরেটরি স্কুল, রায়পুরা, নরসিংদী	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৪.	কফিলউদ্দিন আহমদ পাবলিক স্কুল, কাশিমপুর, গাজীপুর	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৫.	সিংপুর হাজী আফিল উদ্দিন উচ্চ বিদ্যালয়, নিকলী, কিশোরগঞ্জ	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৬.	দরগাহ্ বাড়ী উচ্চ বিদ্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ/সংযুক্ত করে নির্ধারিত ছকে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) প্রতিষ্ঠানের নিজস্ব ভূমি ও নামজারি এবং খারিজ খতিয়ানের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);

(খ) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় (প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে) এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তি নামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);

(গ) নিম্ন মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য- ০৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ), মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য- ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ); এবং

(ঘ) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল ঠিকানা।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৮-২-২০২১

আনোয়ারুল হক
উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
দিনাজপুর
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা
বোর্ড, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭-১২৭/১(৫)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৮-২-২০২১

আনোয়ারুল হক
উপসচিব